

শিক্ষা প্রতিষ্ঠান না ব্যবসা প্রতিষ্ঠান!

রাজউক উত্তরা মডেল স্কুল এন্ড কলেজ একটি প্রতিষ্ঠিত বিদ্যাপীঠ। মাত্র ৪/৫ বছরে এ শিক্ষা প্রতিষ্ঠানটি যে সুনাম অর্জন করেছে তা সবারই জানা। এখানে ভর্তি ফি ও টিউশন ফি'র পরিমাণ ভুলনামূলকভাবে বেশি হলেও স্কুলের পড়াশোনার মান বিবেচনা করে আমরা অভিভাবকরা তা মেনে নিয়ে আমাদের সন্তানদের এখানে ভর্তি করেছি। প্রতিষ্ঠানটি বেসরকারি হলেও এটি যারা পরিচালনা করেন তাদের কর্মকাণ্ড দেখে প্রতীয়মান হয় যেন এটি একটি সরকারি প্রতিষ্ঠান।

সম্প্রতি স্কুল কর্তৃপক্ষের ঘোষিত শিক্ষা কার্যক্রমের নতুন সময়সূচি আমাদের বিস্মিত করেছে। অধিকসংখ্যক ছাত্রছাত্রীকে পড়ার সুযোগ প্রদানের কথা বলে তারা স্কুল ও কলেজের সময়সূচিকে দুটি শিফটে ভাগ করেছেন। প্রথম শিফট (প্রভাতী শাখা) সকাল ৭টা ১৫ মিনিটে শুরু হয়ে শেষ হবে বেলা ১২টা ৪৫ মিনিটে। দ্বিতীয় শিফট (দিবা শাখা) দুপুর ১টা ৩০ মিনিটে শুরু হবে, শেষ হবে সন্ধ্যা ৬টা ৪৫ মিনিটে। স্কুল কর্তৃপক্ষের ঘোষিত নতুন সময়সূচি মেনে প্রভাতী শাখার শিক্ষার্থীদের সূর্য ওঠার আগে থেকেই স্কুলে আসার প্রস্তুতি নিতে হবে। আর দিবা শাখার ছাত্রছাত্রীদের সন্ধ্যা ৬টা ৪৫ মিনিটে শেষ হওয়া স্কুল-কলেজ থেকে বাসায় ফেরা রাত ৮ ঘটিকার আগে সম্ভব হবে না। এ স্কুল-কলেজে অনেক শিক্ষার্থী ১৫/২০ কিলোমিটার দূর থেকে এসেও লেখাপড়া করে থাকে। তাদের পক্ষে কি স্কুলের নতুন সময়সূচি অনুযায়ী ভোরবেলায় যথাসময়ে ক্লাসে উপস্থিত হওয়া সম্ভব? কিংবা সন্ধ্যায় ক্লাস শেষ করে ছেলেমেয়েদের বাসায় ফেরার পর আর লেখাপড়ায় মনোনিবেশ করার মতো অবস্থা থাকবে? পরিস্থিতি বিবেচনায় মনে হচ্ছে স্কুল-কলেজ কর্তৃপক্ষ মানসম্মত শিক্ষাদানের বিষয়টি ভুলে গিয়ে অধিকসংখ্যক ছাত্রছাত্রীকে পড়ার সুযোগ দেওয়ার নামে বেশি আয় করার চেষ্টায় ব্রতী হয়েছেন।

ভোরের আলো ফোটার আগেই সন্তানদের স্কুলে পৌঁছানোর প্রস্তুতিসহ সন্তানদের নিয়ে স্কুলে যাওয়া যেমন বেশ কষ্টসাধ্য তেমনি ঘোর সন্ধ্যায় সন্তানদের বিশেষ করে মেয়েদের স্কুল থেকে সঙ্গে নিয়ে বাসায় ফেরা কম ঝঞ্জির বিষয় নয়।

বর্ণিত পরিস্থিতির আলোকে স্কুল কর্তৃপক্ষের কাছে আমাদের সর্বিনয়ে নিবেদন, আপনারা আমাদের অভিভাবকদের সমস্যাটা উপলব্ধি করুন। পাশাপাশি সন্তানদের নিরাপত্তার কথা বিবেচনা করে লেখাপড়ার সুষ্ঠু মান বজায় রাখার স্বার্থে নতুন ঘোষিত সময়সূচি পুনর্বিবেচনা করার অনুরোধ করছি— যাতে আগের মতোই আমাদের সন্তানরা সময়মতো স্কুলে আসতে পারে এবং সন্ধ্যায় আগেই বাসায় ফিরতে পারে।

আবু ইউসুফ আব্দুল্লাহ হান্নান
প্রতিনিধিত্ব করে
সমস্যাটো তুলে